



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

০২ আগস্ট ২০২৩

তারিখ: -----

১৮ শ্রাবণ ১৪৩০

বিআরপিডি সার্কুলার নং-১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) গ্রহণ প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখ: ০৮ মার্চ ২০১৬ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Credit Risk Management (CRM) for Banks এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত গাইডলাইনের ৩.৪ নং অনুচ্ছেদে ঋণ বিতরণের পূর্বে ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহ সম্পাদন করাসহ প্রাথমিক ও সহজামানতের উপর চার্জ ক্রিয়েশনের বিষয়ে নির্দেশনা রয়েছে। তাছাড়া উক্ত গাইডলাইনের Annexure-1 এ ঋণ গ্রহীতা ভিত্তিক, ঋণের ধরণ ভিত্তিক এবং ঋণের জামানত ভিত্তিক গৃহীতব্য চার্জ ডকুমেন্টসমূহ তালিকা আকারে উল্লেখ করা হয়েছে, যেখানে ঋণ গ্রহীতা এবং তৃতীয় ব্যক্তি/পক্ষের স্বাক্ষর (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করা হয়ে থাকে।
- মহামান্য হাইকোর্টের পর্যবেক্ষণ মোতাবেক, সাম্প্রতিক সময়ে আদালতে বেশ কিছু রিট পিটিশন দায়ের করা হচ্ছে যেখানে ঋণ গ্রহীতাগণ এবং ঋণের জামিনদাতাগণ উভয়ে যথাক্রমে ঋণ গ্রহণ এবং জামিন প্রদান সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর প্রদান করেননি মর্মে উল্লেখ করেছেন। ফলে, সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহের সঠিকতা যাচাইয়ের ক্ষেত্রে ঋণ গ্রহীতা এবং জামিনদাতার স্বাক্ষরের উপর নির্ভর করতে হয় বিধায় ঋণ আদায়ের আইনগত প্রক্রিয়া গ্রহণ বিঘ্নিত হচ্ছে।
- বর্ণিত প্রেক্ষাপটে, ঋণ আদায়ের ক্ষেত্রে উদ্ভূত আইনগত জটিলতা নিরসনকল্পে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ঋণ প্রদানের উদ্দেশ্যে গৃহীত/গৃহীতব্য চার্জ ডকুমেন্টস এর বিষয়বস্তু ঋণ গ্রহীতা এবং জামিনদাতাসহ সংশ্লিষ্ট ৩য় ব্যক্তি/পক্ষকে পড়ে শুনানোর বিষয়টি নিশ্চিত করতে হবে এবং উক্ত ডকুমেন্টসমূহে স্বাক্ষরের (প্রযোজ্য ক্ষেত্রে) পাশাপাশি তাদের উভয় হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) জাতীয় পরিচয়পত্রের (NID) জন্য সংরক্ষিত ডাটাবেইজ হতে যাচাইপূর্বক তা গ্রহণ করতে হবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২